DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) □ তৈরি: 05 Oct 2026, 06:58 AM

জাতীয়

□এখানে অ্যাটাক হয়েছিল□আমাদের স্টুডিও ডেস্ট্রয়েড হয়ে গেছে□, ভিডিওতে সালমান মুক্তাদির

প্রতিবেদক: alamin dhakaprobe
প্রকাশের তারিখ: রোববার, ২৭ সেপ্টেম্বর ২০২৬, ১০:২৪ AM

হঠাৎ এক তাণ্ডব। মুহূর্তেই লণ্ডভণ্ড রাজধানীর ইসিবি চত্বরের একটি স্টুডিও। দুর্বৃত্তরা ভেঙে চুরমার করালো চেয়ার, টেবিল আর টেলিভিশনসহ ভেতরের সব সরঞ্জাম। আক্রান্ত স্থানটি জনপ্রিয় কনটেন্ট ক্রিয়েটর সালমান মুক্তাদিরের।

শনিবার রাতে নিজের ভেরিফায়েড ফেসবুকে এক ভিডিও প্রকাশ করেন সালমান। ক্ষতিগ্রস্ত স্টুডিও দেখিয়ে তিনি বলেন, □একটু আগে এখানে অ্যাটাক হয়েছিল□ পুরা অ্যাটাকে আমাদের স্টুডিও ডেস্ট্রয়েড হয়ে গেছে।□

তবে ভিডিওতে তাঁর মূল বার্তা ছিল স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদের প্রতি। ব্যঙ্গাত্মক সুরেই বললেন, □আপনি প্লিজ কোনো টেনশন নিবেন না, দিস ইজ নরমাল ইন বাংলাদেশ।□

হামলার পেছনে মূল কারণ চাঁদা দাবি। সালমান বলেন, ভবনের মালিকের কাছে চাঁদা চেয়েছিল দুর্বৃত্তরা। জমির মালিকের সাথে আওয়ামী

লীগের রাজনৈতিক সংযোগ থাকতে পারে। সেই শত্রুতায় মাঝখান থেকে বলির পাঁঠা হলাম আমি।

বাধা আসলেও থামছেন না সালমান মুক্তাদির। ভিডিও শেষে স্পষ্ট ঘোষণা দিলেন, □আমি এর থেকে বড় কিছু করব।□ ঘটনা তদন্তে সংশ্লিষ্ট থানায় যোগাযোগের চেষ্টা চলছে।

এ বিভাগের আরও খবর

যানজট নিরসনে বৃত্তাকার সড়ক নির্মাণ কাজের গতি বাড়ানোর নির্দেশ প্রধানমন্ত্রীর
প্রধানমন্ত্রী তারেক রহমান যানজট নিরসনে বৃত্তাকার সড়ক নির্মাণকাজের গতি বাড়ানোর নির্দেশ দিয়েছেন।ঢাকা মহানগরের যানজট নিরসনে অভ্যন্তরীণ বৃত্তাকা...

সেপ্টেম্বরে সড়ক দুর্ঘটনায় নিহত ৪২৩, আহত ৬৭৪
সেপ্টেম্বর মাসে দেশে ৪৪২টি সড়ক দুর্ঘটনায় ৪২৩ জন নিহত এবং ৬৭৪ জন আহত হয়েছেন। নিহতদের মধ্যে ৭৩ জন নারী ও ৬১ জন শিশু। রোড সেফটি ফাউন্ডেশনের মাস...

বিমানবন্দরে একদিনে সাড়ে ১৩ কেজি স্বর্ণ উদ্ধার
হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৃথক দুটি অভিযানে একদিনে ১৩ দশমিক ৮৪ কেজি স্বর্ণ উদ্ধার করেছে কাস্টমস কর্তৃপক্ষ। এর মধ্যে এক যাত্রীর শ...

পবিত্র মদিনায় হুথিদের হামলা, তীব্র নিন্দা জানাল বাংলাদেশ

সৌদি আরবের পবিত্র মদিনানগরীতে তাইবাহ বিদ্যুৎকেন্দ্রে হুথিদের ড্রোন হামলার তীব্র নিন্দা জানিয়েছে বাংলাদেশ সরকার।রোববার (৪ অক্টোবর) এক বিবৃতিত...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/national/ekhane-ojatak-hyechhilamader-studio-destryed-hye-gechhe-bhidiote-salman-muktadir